



Krishibid Institution Bangladesh, Australia Inc.

Email: kib.australia@gmail.com
(Registration no. INC1801143)

প্রেস বিজ্ঞপ্তি

আমরা অতীব আনন্দের সাথে জানাচ্ছি যে, আমাদের কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ অস্ট্রেলিয়া শাখার পক্ষ থেকে Bush Fire Appeal এ সাড়া দিয়ে অস্ট্রেলিয়ায় বসবাসরত কৃষিবিদ ভাই ও বোনেরা সহ কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় কমিটিও অস্ট্রেলিয়ার ভয়াবহ দাবানলে মানবিক সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। সেই অনুযায়ী স্থানীয় কৃষিবিদ ও কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ এর কেন্দ্রীয় কমিটি থেকে সর্ব সাকুল্যে প্রাপ্ত অনুদান (তিন হাজার ডলার) Rural Fire Service কে প্রদান করা হয়েছে।

মানবিক কারনে এই মহান জনকল্যাণে স্থানীয় কৃষিবিদ সহ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ কেন্দ্রীয় কমিটি এগিয়ে আসার জন্য অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। বিশেষ করে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, কেন্দ্রীয় কমিটির অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্বরণ করছি।

মানুষ মানুষের জন্য এই মূল মন্ত্রে দীক্ষিত হয়ে সকল কৃষিবিদ অতীতে মানব কল্যাণে যেমন আমাদের সাথে ছিলেন, এখনও আছেন এবং আগামীতেও থাকবেন এই দৃঢ় বিশ্বাস আমাদের আছে। মানবতার জয় হোক। সকল কৃষিবিদ ভাই বোনের কল্যাণ কামনা করছি।

ধন্যবাদান্তে

কৃষিবিদ ডঃ আবদুস সাদেক
সভাপতি

কৃষিবিদ পরমেশ ভট্টাচার্য
সাধারণ সম্পাদক

কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, অস্ট্রেলিয়া শাখা